

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২ ডিসেম্বর, ২০১৭ ১৭:১৮

'এখন আমার কাছে সবকিছু অন্ধকার মনে হচ্ছে' | অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

'জুটি ভেঙে গেছে। আমি একা হয়ে গেছি। আর কেউ আমাকে কখনও বড় ভাইয়ের মত পরামর্শ দেবে না।' শনিবার দুপুরে বনানীর ২৩ নম্বর রোডে ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের মরদেহ দেখতে এসে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র সাঈদ খোকন অশ্রুসিক্ত নয়নে কথাগুলো বলেন।

তিনি বলেন, 'আমি একা হয়ে গেছি। দু'জন মিলে আধুনিক ঢাকা গড়ার স্বপ্ন দেখছিলাম। এখন জানি না ভবিষ্যতে সে স্বপ্নের কী হবে? বড় ভাই হিসেবে আনিসুল হক সব সময় আমার পাশে ছিলেন। এখন আমার কাছে সবকিছু অন্ধকার মনে হচ্ছে।'



উল্লেখ্য, গত বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনে চিকিৎসাধীন অবস্থায় মারা যান ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। শনিবার দুপুরে তার মরদেহ ঢাকায় আনা হয়।

বিডি প্রতিদিন/০২ ডিসেম্বর ২০১৭/আরাফাত